



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৫.১৮/১০২৮/৪

তারিখ : ০৪/০৪/২০২২ খ্রি.

বিষয় : আইডিয়াল কলেজ, ধানমন্ডি, ঢাকা এর অধ্যক্ষ ও দুই জন শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ তদন্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাত্তর টিভি ও যমুনা টিভিতে আইডিয়াল কলেজ, ধানমন্ডি, ঢাকার অধ্যক্ষের পিএইচডি ডিগ্রি ভুয়া, ড্রেস ক্রয়ে অর্থ আদায়, বিভিন্ন আর্থিক অনিয়ম ও অন্য দুইজন শিক্ষকের একাডেমিক সনদ ভুয়া এবং ০২/০৪/২০২২ তারিখে হঠাৎ করে কলেজের একাডেমিক কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্ভূত নেতিবাচক পরিস্থিতির বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে বর্ণিত অভিযোগসমূহ জরুরিভিত্তিতে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*AKad ৪.৫.২২*

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (২) উপপরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, আইডিয়াল কলেজ, ধানমন্ডি, ঢাকা;
- (২) অধ্যক্ষ, আইডিয়াল কলেজ, ধানমন্ডি, ঢাকা;
- (৩) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (৪) সংরক্ষণ নথি।